

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
কর-১ শাখা
www.ird.gov.bd

আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.১৪৫

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০

২৭ মার্চ ২০২৪

বিষয়: ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট এর ১৩তম হতে ২০তম গ্রেডের সরাসরি কোটায় নিয়োগযোগ্য শূন্য পদে জনবল নিয়োগে ছাড়পত্র প্রদান।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০২২.০৬.০০৫.২৪.১২, তারিখঃ ০১ মার্চ ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট এর ১৩তম হতে ২০তম গ্রেডের সরাসরি কোটায় নিয়োগযোগ্য ৪৭ (সাতচল্লিশ) টি শূন্য পদ হতে ০৪ (চার) টি পদ সংরক্ষণপূর্বক ৪৩ (তেতাশ্লিশ) টি পদে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলোঃ

পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	সরাসরি নিয়োগযোগ্য পদের সংখ্যা	ইতোমধ্যে সরাসরি কোটায় পূরণকৃত পদের সংখ্যা	সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদের সংখ্যা	১০% সংরক্ষণ যোগ্য পদের সংখ্যা	ছাড়পত্র প্রদানকৃত পদের সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
কম্পিউটার অপারেটর, গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০/-	০৩	নবসৃষ্ট পদ	০৩	-	০৩টি
প্রধান সহকারী, গ্রেড-১৩ ১১০০০-২৬৫৯০/-	০১	নবসৃষ্ট পদ	০১	-	১টি
উচ্চমান সহকারী, গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	০১	নবসৃষ্ট পদ	০১	-	০১টি
স্টাট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, গ্রেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	৩৮	২৬ (স্থানান্তরিত)	১২	১.২ বা ০১টি	১১টি
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/-	০৩	নবসৃষ্ট পদ	০৩	-	০৩টি
অফিস সহায়ক, গ্রেড-২০ ৮২৫০-২০০১০/-	৪৬	১৯ (স্থানান্তরিত)	২৭	২.৭ বা ০৩টি	২৪টি
মোট=	৯২টি	৪৫ (পঁয়তাল্লিশ)	৪৭টি	৪টি	৪৩টি

সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে ছাড়পত্র প্রদানের শর্তসমূহ:

(ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;

(খ) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গড়মিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ পেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে। ছাড়পত্রের আদেশ প্রাপ্তির পর জারিকৃত ছাড়পত্রের সত্যতা সম্পর্কে আবশ্যিকভাবে এই বিভাগে যোগাযোগ করে/ওয়েবসাইটে সম্পূর্ণ নিশ্চিত হয়ে পদ পূরণ করতে হবে; ছাড়পত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত না হয়ে পদ পূরণ করার ফলে কোন জটিলতা সৃষ্টি হলে সেক্ষেত্রে প্রস্তাব প্রেরণকারী দায়ী থাকবে;


(গ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিজস্ব নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি গ্রেডের পদের বিপরীতে মঞ্জুরীকৃত সরাসরি নিয়োগযোগ্য পদ সংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে; এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

(ঘ) নিয়োগবিধি/নিয়োগ যোগ্যতার বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৭ সেপ্টেম্বর ২০২১ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৮.২০.১৬৯ নম্বর স্মারকের স্পষ্টীকরণ আদেশ অনুসরণ করতে হবে;

(ঙ) পদ পূরণের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নং-০৫.০০.০০০০.১৬৬.২২.০০৩.২০.২৪৯, তারিখঃ ১৯ অক্টোবর ২০২১ অবশ্যই পালন/অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ৪(খ) অনুচ্ছেদ অনুযায়ী এই ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ১(এক) বৎসর এবং উক্ত পরিপত্রের ৩(ঘ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৩(গ) অনুযায়ী নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;

(চ) ছাড়কৃত পদগুলো পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে; এবং

(ছ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য তথায় প্রেরণের লক্ষ্যে ছাড়কৃত পদসমূহ পূরণ করার ১০ (দশ) দিনের মধ্যে নির্ধারিত ছকে তথ্য এই বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।



১৮-৪-২০২৪

নুসরাত জাহান নিসু

সিনিয়র সহকারী সচিব

ফোন: +৮৮০২-৫৫১০০০৯৪


সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), জাতীয়
রাজস্ব বোর্ড, ঢাকা।

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.১৪৫/১(৬)

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০
২৭ মার্চ ২০২৪

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) কর কমিশনার, ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
- ২) উপসচিব, কর অধিশাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা;
- ৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা;
- ৪) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ (সেবা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা;
- ৫) সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ (সংস্থাপন ও অডিট), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা;
- ৬) যুগ্মসচিব (কর) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।



১৮-৪-২০২৪

নুসরাত জাহান নিসু

সিনিয়র সহকারী সচিব